

জেএসডব্লু সিমেন্টের প্রথম প্রায়োরিটি ডিলার স্টোর কলকাতায়

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: কলকাতায় প্রথম 'প্রায়োরিটি ডিলার স্টোর' খুলল জেএসডব্লু সিমেন্ট। কেটপুরের হানাপাড়ায় এই ডিলারশিপ দেওয়া হয়েছে। তার নাম মঙ্গল এন্টারপ্রাইজ। সংস্থার দাবি, বাজার দখল করতে তারা এই ধরনের আউটলেট আরও বাড়াবে। জেএসডব্লু সিমেন্টের সিএমও পুষ্প রাজ সিং বলেন, এই বছরেই তারা এমন ১৫০টি কাউন্টার খুলবেন। এর জন্য খরচ হবে তিন কোটি টাকা। গ্রাহক টানতে সেইসব কাউন্টারকে আকর্ষণীয়ভাবে সাজানো হবে। শুধু তাই-ই নয়, গ্রাহকরা যাতে এখানে বাড়তি কিছু পরিষেবা পান, তার ব্যবস্থাও করা হবে। গ্রাহক বাড়িতে বসেও যাতে সেই পরিষেবা পোতে পারেন, সেই ব্যবস্থাও থাকবে।